

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ  
খাদ্য মন্ত্রণালয়  
প্রজ্ঞাপন  
তারিখঃ

এস.আর.ও নং .....নিরাপদ খাদ্য আইন, ২০১৩ (২০১৩ সালের ৪৩ নং আইন) এর ধারা ৮৭ (ধারা ১৩ ও ৩১ এর সহিত পঠিতব্য)-  
তে প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা:-

**১। শিরোনাম ও প্রবর্তন।-**

(ক) এই প্রবিধানমালা নিরাপদ খাদ্য (স্বাস্থ্য সহায়ক খাদ্য/ সম্পূরক খাদ্য, বিশেষ পথ্য হিসেবে ব্যবহৃত খাদ্য, চিকিৎসাজনিত কারণে বিশেষ পথ্য হিসেবে ব্যবহৃত খাদ্য, প্রিবায়েটিক ও প্রোবায়োটিক খাদ্য) প্রবিধানমালা, ২০২৪ নামে অভিহিত হইবে;

(খ) এই প্রবিধানমালা সরকারী গেজেটে প্রকাশের তারিখ হইতে ৬ মাস পরে কার্যকর হইবে।

**২। সংজ্ঞা।-**

- (ক) "অনুমোদন" অর্থ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে খাদ্য ভোগের নিমিত্ত কোনো খাদ্য, খাদ্য উপাদান এবং খাদ্য সংযোজন দ্রব্য উৎপাদন, আমদানি বা রপ্তানি করার অনুমতি, যা আইনের অধীনে প্রণীত অন্য কোনো বিধিমালা বা প্রবিধানমালায় উল্লেখ করা হয় নাই অথবা অন্য কোন প্রবিধানমালা প্রণয়ন করা হয় নাই;
- (খ) "অ-নির্দিষ্ট খাদ্য/উপাদান" অর্থ যে কোনো খাদ্য বা খাদ্য উপাদান বা খাদ্য সংযোজন দ্রব্য, প্রক্রিয়াকরণ সহায়ক এবং উৎসেচক যার জন্য আইন এবং এর অধীনে প্রণীত অন্য কোনো প্রবিধানে মান নির্দিষ্ট করা হয় নাই;
- (গ) "অসমোলালিটি" অর্থ দ্রাবকের প্রতি একক ভরে দ্রবের অসমোটিক ঘনত্ব।
- (ঘ) "অসমোলারিটি" অর্থ প্রতি একক আয়তনে দ্রবণীয় কণার সংখ্যার পরিমাপ।
- (ঙ) "আইন" অর্থ নিরাপদ খাদ্য আইন, ২০১৩ (২০১৩ সালের ৪৩ নং আইন);
- (চ) "এন্টারাল নিউট্রিশন বা টিউব ফিডিং" অর্থ পাকস্থলি বা ছোট অন্ত্রে পুষ্টি পাঠানোর একটি উপায়।
- (ছ) "কর্তৃপক্ষ" অর্থ নিরাপদ খাদ্য আইন, ২০১৩ এর ধারা ৫ এর অধীনে প্রতিষ্ঠিত বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- (জ) "চিকিৎসাজনিত কারণে বিশেষ পথ্য হিসেবে ব্যবহৃত খাদ্য" অর্থ -
- (১) বিশেষভাবে প্রক্রিয়াকৃত বা ফর্মুলাকৃত (formulated) খাদ্য যা নির্দিষ্ট চাহিদার ভিত্তিতে ব্যবহৃত;
- (২) শুধু চিকিৎসক, পথ্যবিদ বা পুষ্টিবিদদের পরামর্শে ব্যবহৃত খাদ্য;
- (৩) সাধারণ খাদ্যদ্রব্য বা নির্দিষ্ট পুষ্টি উপাদান গ্রহণ, হজম, শোষণ, বিপাক বা রেচন কার্যে সীমাবদ্ধতা বা প্রতিবন্ধকতা সম্পন্ন ব্যক্তির জন্য প্রয়োজ্য সম্পূর্ণ বা আংশিক খাদ্য;
- (৪) অন্যান্য চিকিৎসাজনিত কারণে নির্ধারিত পুষ্টির চাহিদা পূরণে ব্যবহৃত খাদ্য, যা শুধুমাত্র স্বাভাবিক খাদ্যের পরিবর্তন বা নির্দিষ্ট পুষ্টিসমৃদ্ধ খাদ্য বা তাদের সংমিশ্রণ দ্বারা পূরণ করা যায় না;
- (ঝ) "তফসিল" অর্থ এই প্রবিধানমালায় বর্ণিত তফসিল;
- (ঞ) "প্রিবায়েটিক খাদ্য" অর্থ অন্ত্র (gut) সহায়ক উপাদান সমৃদ্ধ খাদ্য, যাহা অন্ত্রের অণুজীবের উপর প্রভাব ফেলিয়া স্বাস্থ্য সহায়ক ভূমিকা রাখে;
- (ট) "প্রিমিক্স" অর্থ সংযোজক দ্রব্য সহ বা ছাড়াই এই প্রবিধানের তফসিল (১) এ বর্ণিত দুই বা ততোধিক উপাদান/পুষ্টি উপাদানের নির্দিষ্ট অনুপাতের মৌড়কাবদ্ধ সংমিশ্রণ যা এই প্রবিধানমালার অধীন বর্ণিত যে-কোনো খাদ্য বা খাদ্যপণ্য প্রস্তুতের জন্য ব্যবহৃত হইবে। প্রিমিক্সের জন্য কোনো নির্দিষ্ট নির্দেশিকা না থাকিলে, আন্তর্জাতিকভাবে স্বীকৃত যেমন বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO), কোডেক্স(CODEX) ইইউ (EU) এ বর্ণিত মান প্রযোজ্য হইবে।
- (ঠ) "প্রোবায়োটিক খাদ্য" অর্থ অন্ত্র সহায়ক পর্যাপ্ত সংখ্যক জীবন্ত অণুজীব সমৃদ্ধ খাদ্য, যাহা গ্রহণ করা হইলে, এক বা একাধিক সুনির্দিষ্ট স্বাস্থ্য সুবিধা পাওয়া যায়।
- (ড) "প্যারেণ্টেরাল নিউট্রিশন" অর্থ সরাসরি রক্তপ্রবাহে পুষ্টি এবং তরল গ্রহণ
- (ঢ) "স্বাস্থ্য সহায়ক খাদ্য/সম্পূরক খাদ্য" অর্থ খাদ্য উপাদান/উপাদানসমূহ যা মানুষের পুষ্টি পরিপূরক হিসাবে মোট খাদ্য গ্রহণের পরিমাণ বৃদ্ধি করিতে বা সুস্বাস্থ্য ও স্বাস্থ্য সুরক্ষা বজায় রাখিবার জন্য ব্যবহার করা হয়, যা কোনো রোগ বা ব্যাধি নিরাময়ের উদ্দেশ্যে ব্যবহৃত হয় না এবং এতে নিম্নলিখিত এক বা একাধিক উপাদান থাকিতে পারে:

- (১) উদ্ভিদ বা উদ্ভিজ্জ বা তাদের অংশ বিশেষ যা পাউডার, ঘনীভূত, বিপাকীয় উপাদান রূপে বা নির্যাস রূপে একক বা সংমিশ্রিতভাবে পানি, ইথাইল অ্যালকোহল বা হাইড্রো-অ্যালকোহলিক বা অনুমোদিত দ্রাবকে দ্রবীভূত;
- (২) খনিজ, ভিটামিন, প্রোটিন, ধাতু বা তাদের যৌগ, অ্যামিনো অ্যাসিড, ফ্যাটি অ্যাসিড, উৎসেচক, প্রোবায়োটিক, সক্রিয় জৈব (bioactive) উপাদান;
- (৩) প্রাণীজ উপাদান এবং উপরের (১) এবং (২) এর উপাদান সহ;

**৩। সকল শ্রেণির জন্য সাধারণ শর্তাবলি।** - অন্য কোন বিধান না থাকা সাপেক্ষে, এই প্রবিধানমালার অধীনে সকল শ্রেণির খাদ্যের জন্য নিম্নবর্ণিত সাধারণ শর্তাবলি অনুসরণ করিতে হইবে;

- (১) এই প্রবিধানমালার অধীন নির্দিষ্ট খাদ্য বা পুষ্টি চাহিদা পূরণের উদ্দেশ্যে বিশেষভাবে প্রক্রিয়াজাত বা ফর্মুলাকৃত (formulated) খাদ্য, যাহা বিশেষ বৈশিষ্টের কারণে স্বাভাবিক খাদ্য হইতে পৃথক হইবে। স্বাভাবিক খাদ্য যেমন শাকসবজি, শস্য, ডাল, মসলা, ফল, অন্যান্য উদ্ভিদ বা উদ্ভিজ্জ উপাদান যদি প্রাকৃতিক রূপে থাকে তবে তাহা স্বাস্থ্য সহায়ক খাদ্য/ সম্পূরক খাদ্য, বিশেষ পথ্য হিসেবে ব্যবহৃত খাদ্য, বিশেষ চাহিদাভিত্তিক খাদ্য হিসেবে গণ্য হইবে না;
- (২) অন্য কোনো বিধানে নিষিদ্ধ না করা হইলে, এই প্রবিধানমালার অধীন শ্রেণিকৃত খাদ্য পাউডার, দানাদার, ট্যাবলেট, ক্যাপসুল, তরল, জেলি ইত্যাদি বা অন্যান্য যে-কোনো রূপে হইতে পারে। প্রচলিত রূপে (যেমন বার, বিস্কুট, ক্যান্ডি ইত্যাদি) খাদ্যটি সরবরাহ করা হইলে পার্থক্যের বিষয়টি লেবেলে সুস্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।
- (৩) অন্য কোনো আইন বা বিধানে সুনির্দিষ্ট করা না থাকিলে এবং এই প্রবিধানমালায় বর্ণিত শর্তাবলি পূরণসাপেক্ষে, এই খাদ্য ৫ বছরের কম বয়সী শিশুদের জন্য প্রযোজ্য হইবে না। তবে শর্ত থাকে যে, কেবল একজন স্বীকৃত চিকিৎসক বা ডায়েটিশিয়ান বা পুষ্টিবিদের পরামর্শে ২ থেকে ৫ বছর বয়সী শিশুদের এই প্রবিধানমালায় বর্ণিত খাদ্য দেওয়া যাইবে।
- (৪) এই প্রবিধানমালার অধীন শ্রেণিকৃত খাদ্যে তফসিল ১, তফসিল ২, তফসিল ৩ ও তফসিল ৪ এ বর্ণিত উপাদান থাকিতে পারিবে এবং খাদ্য ব্যবসায়ীগণ তফসিল ৫ ও নিরাপদ খাদ্য (খাদ্য সংযোজন দ্রব্য ব্যবহার) প্রবিধানমালা এর সর্বশেষ সংস্করণ এ উল্লিখিত খাদ্য সংযোজন দ্রব্য ব্যবহার করিতে পারিবে। এই প্রবিধানমালায় উল্লেখ নেই, এমন কোনো উপাদান বা সংযোজন দ্রব্য ব্যবহার করিবার ক্ষেত্রে, কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করিতে হইবে;
- (৫) এই প্রবিধানমালার অধীন শ্রেণিকৃত খাদ্যে ব্যবহৃত উপাদানের বিশুদ্ধতার মানদণ্ড কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে নির্ধারণ এবং সরকারি গেজেটের মাধ্যমে অবহিত করা হইবে। যদি এই ধরনের মানদণ্ড নির্দিষ্ট করা না হইয়া থাকে, তবে স্বীকৃত আন্তর্জাতিক সংস্থা দ্বারা সর্বশেষ সংস্করণে বর্ণিত বিশুদ্ধতার মানদণ্ড প্রযোজ্য হইবে;
- (৬) খাদ্য ব্যবসায়ীগণ নিরাপদ খাদ্য (খাদ্য সংযোজন দ্রব্য ব্যবহার) প্রবিধানমালা এর সর্বশেষ সংস্করণ এবং এই প্রবিধানমালার তফসিল ৫ অনুসারে প্রাকৃতিক বা সিনথেটিক সংযোজন দ্রব্য ব্যবহার করিতে পারিবে।
- (৭) উদ্ভিদ বা উদ্ভিজ্জ অংশ বা উহার নির্যাস যাহা এই প্রবিধানমালায় উল্লেখ করা হয় নাই, তবে নিরাপদ ব্যবহারের ইতিহাস নথিভুক্ত (documented) করা হইয়াছে (উৎপত্তি দেশে কমপক্ষে ত্রিশ বছরের বা বাংলাদেশে পনের বছরের), তাহা কর্তৃপক্ষের পূর্বানুমোদন সাপেক্ষে ব্যবহার করা যাইতে পারে।
- (৮) এই প্রবিধানমালার অধীন শ্রেণিকৃত খাদ্যে কর্তৃপক্ষ দ্বারা সময়ে সময়ে নির্ধারিত শর্তাবলি মানিয়া চলিতে হইবে। এই ধরনের নির্দেশনা না থাকিলে, খাদ্য ব্যবসায়ীগণ প্রযোজ্যক্ষেত্রে কোডেক্স অ্যালিমেন্টারিয়াস কমিশন (Codex Alimentarius Commission) অথবা যে-কোনো স্বীকৃত আন্তর্জাতিক সংস্থার সংকলিত তথ্য বিবরণী / নির্দেশিকা (Compendium)/ এ উল্লেখিত নিয়মাবলি মানিয়া চলিবে।
- (৯) এই প্রবিধানমালার অধীন শ্রেণিকৃত খাদ্যে সংযোজিত পুষ্টি উপাদানের পরিমাণ সরকার দ্বারা নির্ধারিত সুপারিশকৃত পুষ্টি গ্রহণ মাত্রা (RDA)-এর বেশি হইবে না এবং যদি এই মান নির্দিষ্ট করা না হইয়া থাকে তবে আন্তর্জাতিক খাদ্য মান সংস্থা যেমন, কোডেক্স অ্যালিমেন্টারিয়াস কমিশন দ্বারা নির্ধারিত মান প্রযোজ্য হইবে।
- (১০) এই প্রবিধানমালার অধীন শ্রেণিকৃত খাদ্যে সরকার কর্তৃক প্রণীত নির্দেশিকায় বর্ণিত বয়স, লিঙ্গ ও শারীরবৃত্তীয় অবস্থা ভেদে প্রয়োজনীয় পরিমাণে শক্তি, আমিষ, ভিটামিন, খনিজ ও অন্যান্য প্রয়োজনীয় পুষ্টি উপাদান থাকিতে হইবে। এই ধরনের নির্দেশনা না থাকিলে, আন্তর্জাতিকভাবে স্বীকৃত নির্দেশিকা প্রযোজ্য হইবে।
- (১১) খাদ্যে ভিটামিন এবং খনিজ উপাদানের পর্যাপ্ত প্রাপ্যতা নিশ্চিতকরণে বৈজ্ঞানিক প্রমাণের ভিত্তিতে অতিরিক্ত মাত্রা (overage) যোগ করিবার অনুমতি দেওয়া যাইবে। এই প্রবিধানমালায় বর্ণিত কোনো উৎপাদিত খাদ্যের নমুনা বিশ্লেষণে প্রাপ্ত ও লেবেলে ঘোষিত পুষ্টিমান বা পুষ্টি উপাদানের পার্থক্য দশ শতাংশের (১০%) বেশি হইবে না;
- (১২) প্রযোজ্য ক্ষেত্রে এই প্রবিধানমালার অধীন শ্রেণিকৃত খাদ্যের গঠন (formulation) পুষ্টির মূলনীতি এবং যথাযথ বৈজ্ঞানিক তথ্য উপাত্তের ভিত্তিতে প্রস্তুত করিতে হইবে।
- (১৩) এই প্রবিধানমালার অধীন উৎপাদিত খাদ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এবং এর অধীনে প্রণীত কোনো বিধি/প্রবিধানমালায় সংজ্ঞায়িত হরমোন বা স্টেরয়েড বা মাদকদ্রব্য বা সাইকোট্রপিক পদার্থ থাকিবে না;

(১৪.১) এই প্রবিধানমালার অধীন উৎপাদিত খাদ্যে লেবেলিং নিরাপদ খাদ্য (মোড়কাবদ্ধ খাদ্য লেবেলিং) প্রবিধানমালা এর সর্বশেষ সংস্করণ অনুযায়ী হইবে।

(১৪.২) এছাড়াও, এই প্রবিধানমালার অধীন প্রযোজ্য শ্রেণির খাদ্যের ক্ষেত্রে বিশেষভাবে উল্লিখিত শর্তাবলি অনুসরণ করিতে হইবে;

(ক) খাদ্যের শ্রেণি অনুসারে বড় ও মোটা অক্ষরে মোড়কের সামনে "স্বাস্থ্য সহায়ক খাদ্য/ সম্পূরক খাদ্য/ বিশেষ পথ্য হিসেবে ব্যবহৃত খাদ্য/ চিকিৎসাজনিত কারণে বিশেষ পথ্য হিসেবে ব্যবহৃত খাদ্য/ প্রিবায়েটিক খাদ্য/ প্রোবায়োটিক খাদ্য " উল্লেখ করিতে হইবে

(খ) যদি খাদ্যটি একটি নির্দিষ্ট ভোক্তা গোষ্ঠী এবং/অথবা নির্দিষ্ট বয়স শ্রেণির জন্য তৈরি করা হয়, তবে তৎসংশ্লিষ্ট বিবৃতি উল্লেখ করিতে হইবে;

(গ) যদি এই প্রবিধানমালার অধীন নির্দিষ্ট শ্রেণির জন্য অব্যাহতি দেওয়া না হইয়া থাকে, তবে "ঔষধ হিসেবে ব্যবহার যোগ্য নয়" বিবৃতিটি বড় এবং মোটা অক্ষরে লেবেলে স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে;

(ঘ) সুপারিশকৃত ব্যবহারের পরিমাণ উল্লেখ করিতে হইবে;

(ঙ) প্রযোজ্যক্ষেত্রে ব্যবহারের সময়কাল উল্লেখ করিতে হইবে;

(চ) প্রযোজ্যক্ষেত্রে সুপারিশকৃত দৈনিক ব্যবহারের মাত্রা অতিক্রম করা যাইবে না, তাহা স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে;

(ছ) অতিরিক্ত মাত্রায় গ্রহণের ফলে স্বাস্থ্য ঝুঁকির সম্ভাবনা হইতে পারে, এইরূপক্ষেত্রে একটি পরামর্শমূলক সতর্কবার্তা উল্লেখ করিতে হইবে;

(জ) সেবনের সময় অন্য কোনো পার্শ্বপ্রতিক্রিয়া বা বিরূপ প্রতিক্রিয়া বা ঔষধের মিথস্ক্রিয়া হওয়ার সম্ভাবনা থাকিলে, তাহা লেবেলে সতর্কবার্তা হিসেবে উল্লেখ করিতে হইবে;

(ঝ) বিশেষ পথ্য হিসেবে ব্যবহৃত খাদ্য ও চিকিৎসাজনিত কারণে বিশেষ পথ্য হিসেবে ব্যবহৃত খাদ্য ব্যতীত অন্যান্য খাদ্যের ক্ষেত্রে 'স্বাভাবিক খাদ্যের বিকল্প হিসাবে ব্যবহার করা যাইবে না' এইরূপ সতর্কবার্তা লেবেলে উল্লেখ করিতে হইবে;

(ঞ) সতর্কবার্তা 'শিশুদের নাগালের বাইরে রাখুন' উল্লেখ করিতে হইবে;

(ট) খাদ্যে উপস্থিত পুষ্টি ও শারীরবৃত্তীয় প্রভাব রয়েছে এমন উপাদানের পরিমাণ উল্লেখ করিতে হইবে;

(ঠ) এই প্রবিধানমালায় উল্লিখিত খাদ্যের লেবেল, সংযুক্ত ব্যবহার নির্দেশিকা ও বিজ্ঞাপনে খাদ্যের প্রকৃতি, উদ্দেশ্য ও এর ব্যবহারের জন্য বিস্তারিত নির্দেশাবলি এবং সতর্কতা সম্পর্কে তথ্য প্রদান করিতে হইবে। উক্ত তথ্যাবলি ভোক্তার নিকট সহজ ও বোধগম্য হইতে হইবে;

(ড) উপরিউক্ত শর্তাবলি ছাড়াও, লেবেলিং এর ক্ষেত্রে এই প্রবিধানমালার অধীন শ্রেণিকৃত খাদ্যের জন্য বিশেষভাবে উল্লিখিত অন্যান্য শর্তাবলি অনুসরণ করিতে হইবে;

(১৫) এই প্রবিধানমালার অধীন শ্রেণিকৃত খাদ্যের ক্ষেত্রে বর্ণিত শর্তাবলি না মানিয়া কোনো ব্যক্তি উক্ত খাদ্যের উৎপাদন, মোড়কীকরণ, বিক্রয়, বিক্রয়ের জন্য প্রস্তাব, বিপণন, প্রক্রিয়াকরণ, মজুদ, সরবরাহ, বিতরণ, আমদানি বা রপ্তানি করিতে পারিবে না।

(১৬) কোনো ব্যক্তি যে-কোনো ব্র্যান্ডের স্বাস্থ্য সহায়ক খাদ্য/ সম্পূরক খাদ্য/ বিশেষ চাহিদাভিত্তিক খাদ্য/ বিশেষ পথ্য হিসেবে ব্যবহৃত খাদ্য/ প্রিবায়েটিক খাদ্য/ প্রোবায়োটিক খাদ্য উৎপাদন, প্রক্রিয়াকরণ, মজুদ, সরবরাহ, মোড়কীকরণ, পুনঃমোড়কীকরণ, বিপণন, বিক্রয়, বিক্রয়ের জন্য প্রস্তাব, বিতরণ, আমদানি বা রপ্তানি করিতে চাহিলে তফসিল ৬ এ বর্ণিত ফরম ক অনুযায়ী নিবন্ধনের জন্য আবেদন করিতে হইবে।

(১৭.১) খাদ্য ব্যবসায়ী কর্তৃপক্ষের বিজ্ঞাপন ও দাবি সংশ্লিষ্ট প্রবিধানমালা অনুযায়ী পুষ্টি বা স্বাস্থ্য দাবি বা রোগের ঝুঁকি হ্রাস (Disease Risk Reduction) দাবি করিতে পারিবে;

(১৭.২) এছাড়াও, বিশ্বব্যাপী অনুমোদিত রোগের ঝুঁকি হ্রাস (Disease Risk Reduction) দাবি এবং অন্যান্য অতিরিক্ত পুষ্টি/স্বাস্থ্য দাবিরও অনুমতি দেওয়া যাইতে পারে। তবে এই সকল দাবির জন্য, কর্তৃপক্ষের নিকট হইতে পূর্বানুমতি নিতে হইবে।

(১৭.৩) কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতীত লেবেলিং, উপস্থাপনা এবং বিজ্ঞাপনের মাধ্যমে এই প্রবিধানমালার অধীন শ্রেণিকৃত খাদ্য কোনো নির্দিষ্ট রোগ বা ব্যাধির চিকিৎসা, নিরাময়, প্রশমন বা প্রতিরোধ করিবার দাবি বা এই জাতীয় কোনো দাবি করা যাইবে না।

(১৭.৪) খাদ্য ব্যবসায়ী বৈজ্ঞানিক তথ্য উপাত্ত দ্বারা সমর্থিত শারীরিক গঠন, কার্যকারিতা বা সাধারণ সুস্থতা সম্পর্কিত দাবি করিতে পারিবে। তবে খাদ্য ব্যবসায়ীকে প্রযোজ্য ক্ষেত্রে প্রাসঙ্গিক বৈজ্ঞানিক তথ্য উপাত্ত জমা দিতে হইবে

#### ৪। শ্রেণিভিত্তিক শর্তাবলি ।-

এই প্রবিধানমালার অধীন শ্রেণিকৃত খাদ্যের ক্ষেত্রে সাধারণ শর্তাবলির পাশাপাশি নিম্নলিখিত শর্তাবলি মানিয়া চলিতে হইবে।

#### (১) স্বাস্থ্য সহায়ক খাদ্য/ সম্পূরক খাদ্য -

- (ক) তফসিল ১, তফসিল ২ ও তফসিল ৩ এ বর্ণিত উপাদানসমূহ ছাড়াও এই জাতীয় খাদ্যে প্রাকৃতিক নির্যাসের অনুরূপ রাসায়নিকভাবে সংশ্লেষিত সিন্থেটিক উপাদান ব্যবহার করিতে পারিবে।
- (খ) এরূপ খাদ্য জাতীয় খাদ্য গ্রহণ নির্দেশিকা এর সর্বশেষ সংস্করণে বর্ণিত সুপারিশকৃত পুষ্টি গ্রহণ মাত্রা (IRDA) অনুযায়ী হইবে। তবে, খাদ্যে উপস্থিত পুষ্টি উপাদানের পরিমাণ সুপারিশকৃত পুষ্টি গ্রহণ মাত্রা (RDA) এর ১৫% এর কম হইবে না।
- (গ) পুষ্টি তথ্য ১০০ গ্রাম বা ১০০ মিলি ভিত্তিতে বা প্রতি পরিবেশন বা ডোজ ভিত্তিতে উল্লেখ করিতে হইবে।
- (ঘ) যদি খাদ্যে ম্যাক্রো নিউট্রিয়েন্ট (শর্করা, চিনি, চর্বি ইত্যাদি), সোডিয়াম এবং কোলেস্টেরল নগণ্য পরিমাণে বা অনুপস্থিত থাকে তবে তা উল্লেখ করিতে হইবে।

## (২) বিশেষ পথ্য হিসেবে ব্যবহৃত খাদ্য

- (ক) বিশেষ পথ্য হিসেবে ব্যবহৃত খাদ্য বলিতে শারীরবৃত্তীয় বা নির্দিষ্ট স্বাস্থ্যগত অবস্থা যেমন ওজনস্বল্পতা, স্থূলতা, ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ, গর্ভবতী এবং স্তন্যদানকারী মহিলা, বার্ধক্য, সিলিয়াক (celiac) রোগ, ওজন ব্যবস্থাপনা, ক্রীড়া ব্যক্তিদের জন্য খাবার এবং এই জাতীয় অন্যান্য স্বাস্থ্যগত অবস্থার কারণে সৃষ্ট চাহিদা পূরণের জন্য বিশেষভাবে প্রক্রিয়াজাত বা প্রণীত খাদ্যকে বুঝাইবে;
- নোট- সিলিয়াক রোগ হল একটি অটোইমিউন ডিসঅর্ডার যেখানে গ্লুটেন গ্রহণের ফলে একটি ইমিউন প্রতিক্রিয়া তৈরি হয়, যা ক্ষুদ্র অন্ত্রের আন্তরণের ক্ষতি করে।
- (খ) এন্টেরাল টিউবের (Enteral tubes) মাধ্যমে মুখে খাওয়ানোর জন্য বিশেষ চাহিদাভিত্তিক খাদ্য তৈরি করা যাইবে কিন্তু প্যারেন্টেরাল ব্যবহারের (parenteral use) জন্য তৈরি করা যাইবে না;
- (গ) সাধারণ শর্তাবলির পাশাপাশি, বিশেষ চাহিদাভিত্তিক খাদ্যের প্রতিটি প্যাকেটের লেবেলে/ নির্দেশিকা আকারে নিম্নলিখিত তথ্য উল্লেখ করিতে হইবে —
- (১) " বিশেষ পথ্য হিসেবে ব্যবহৃত খাদ্য " শব্দগুচ্ছের পরে "এই খাদ্য ...." (বিশেষ শারীরবৃত্তীয় বা স্বাস্থ্যগত অবস্থার উল্লেখ করিতে হইবে);
- (২) প্রযোজ্য ক্ষেত্রে, চিকিৎসক বা ডায়েটিশিয়ান বা পুষ্টি বিশেষজ্ঞের পরামর্শে গ্রহণ করা যাইবে মর্মে লেবেলে একটি বিবৃতি থাকিতে হইবে;
- (৩) শুধুমাত্র চিকিৎসক বা ডায়েটিশিয়ান বা পুষ্টি বিশেষজ্ঞের পরামর্শ ছাড়া পণ্যটি গর্ভবতী এবং স্তন্যদানকারী মহিলাদের বা ৫ বছরের কম বয়সী শিশু, কিশোর-কিশোরী এবং বয়স্কদের ব্যবহার করা যাইবে না, এমন বিবৃতি থাকিতে হইবে;
- (৪) খাদ্যের বৈশিষ্ট্য ও ব্যবহারের যৌক্তিকতা সংক্রান্ত একটি বিবৃতি থাকিতে হইবে;
- (৫) খাদ্যের অপরিহার্য বৈশিষ্ট্যটি যথাযথ বর্ণনামূলক ভাষায় খাবারের নামের সন্নিহিতে উল্লেখ করিতে হইবে;
- (৬) খাদ্যটি শুধু মুখে খাওয়ার জন্য সতর্কবার্তা প্রদান করিতে হইবে;
- (৭) প্রযোজ্য ক্ষেত্রে অসমোলালিটি বা অসমোলারিটি বা অল্প-ক্ষার ভারসাম্য সম্পর্কিত তথ্য উল্লেখ করিতে হইবে;
- (৮) ওজন নিয়ন্ত্রণ এবং ব্যবস্থাপনার জন্য বিশেষভাবে প্রস্তুতকৃত খাদ্যের নামের সন্নিহিতে "ওজন নিয়ন্ত্রণ এবং ব্যবস্থাপনার জন্য" বিবৃতি প্রদান করিতে হইবে;;

(দ্রষ্টব্য: সতর্কতামূলক বিবৃতি হিসাবে স্পষ্টীকরণের জন্য 'প্যারেন্টেরাল'-এর পরিবর্তে 'শুধু মুখে খাওয়ার জন্য' উল্লেখ করিতে হইবে।

- (ঘ) পুষ্টিসমৃদ্ধ বা পুষ্টি উপাদান সংযোজনের মাধ্যমে পরিবর্তিত সাধারণ খাদ্য, সাধারণ স্বাস্থ্যের উন্নতির উদ্দেশ্যে ব্যবহার্য খাদ্য, এবং পরিপূর্ণ ডায়েটের (Complete Diet) প্রতিস্থাপনযোগ্য খাদ্য এর অন্তর্ভুক্ত করা যাইবে না;
- (ঙ) ক্রীড়াবিদদের জন্য বিশেষভাবে প্রস্তুতকৃত খাদ্যে ওয়ার্ল্ড অ্যান্টি-ডোপিং এজেন্সি (WADA) দ্বারা ঘোষিত নিষিদ্ধ কোন পদার্থ যোগ করা যাইবে না।

- (চ) ক্রীড়াবিদদের জন্য বিশেষভাবে প্রস্তুতকৃত খাদ্যের মোড়কের লেবেলে নিম্নলিখিত তথ্য উল্লেখ করিতে হইবে-

(ক) 'উক্ত খাদ্য পুষ্টির একমাত্র উৎস নয় এবং এটি পুষ্টির ডায়েটের সাথে গ্রহণ করিতে হইবে' মর্মে একটি বিবৃতি;

(খ) 'উক্ত খাদ্য উপযুক্ত শারীরিক প্রশিক্ষণ বা ব্যায়ামের সহিত গ্রহণ করিতে হইবে' মর্মে একটি বিবৃতি;

- (ছ) বিশেষ পথ্য হিসেবে ব্যবহৃত খাদ্যের সাধারণ শর্তাবলি ছাড়াও ওজন হ্রাস বা নিয়ন্ত্রণ বা ব্যবস্থাপনার জন্য শক্তি/ক্যালোরি-নিয়ন্ত্রিত (energy-restricted) ফর্মুলা খাদ্যে নিম্নলিখিত শর্তাবলি মানিয়া চলিতে হইবে-

**ব্যাখ্যা** ফর্মুলা খাদ্য অর্থ ওজন হ্রাস, ওজন নিয়ন্ত্রণ এবং ব্যবস্থাপনার উদ্দেশ্যে বিশেষভাবে প্রস্তুতকৃত খাদ্য যাহা প্রস্তুতকারকের নির্দেশনা অনুসারে ব্যবহৃত হইলে, মোট দৈনিক খাদ্যতালিকার এক বা একাধিক বেলার খাবার প্রতিস্থাপন করিতে পারে।

- (১) আহার্য হিসেবে উপযুক্ত প্রমাণিত হইয়াছে এমন উদ্ভিজ্জ এবং/অথবা প্রাণীজ প্রোটিন এবং এই প্রবিধানমালায় নির্ধারিত অন্যান্য উপাদান হইতে ওজন ব্যবস্থাপনার জন্য ফর্মুলা খাদ্য তৈরি করা যাইবে;

- (২) দৈনিক খাদ্য তালিকার সকল বেলার খাবারকে প্রতিস্থাপন করিবে এরূপ ফর্মুলা খাদ্যের খাদ্যশক্তির পরিমাণ ৮০০ কিলো ক্যালোরি (৩৩৫০ কিলোজুল) এর কম এবং ১২০০ কিলো ক্যালোরি (৫০২০ কিলোজুল) এর বেশি হইবে না। এরূপ খাদ্যের প্রতি

পরিবেশন হইতে মোট শক্তির প্রায় এক তৃতীয়াংশ বা এক চতুর্থাংশ প্রাপ্ত হইবে, যাহা দৈনিক সুপারিশকৃত পরিবেশনের সংখ্যা যথাক্রমে ৩ বা ৪ (মোট খাবার প্রতিস্থাপন) কিনা তাহার উপর নির্ভর করিবে;

(৩) দৈনিক খাদ্য তালিকার এক বা একাধিক খাবারের প্রতিস্থাপক (আংশিক খাবার প্রতিস্থাপন) হিসাবে যখন একটি ফর্মুলা খাদ্য প্রস্তুতকারকের নির্দেশনা অনুসারে প্রস্তুত/ পুনর্গঠন/ পরিবেশনের জন্য প্রস্তুত করা হইবে, তখন তাহা ২০০ কিলো ক্যালোরি (৮৩৫ কিলোজুল) এর কম এবং ৪০০ কিলো ক্যালোরি (১৬৭০ কিলোজুল) এর বেশি হইবে না।

(৪) সরাসরি আহাৰ্যের জন্য প্রস্তুত খাদ্যের ক্ষেত্রে, আমিষ উপাদান থেকে প্রাপ্ত শক্তির পরিমাণ পঁচিশ শতাংশের কম ও পঞ্চাশ শতাংশের বেশি হইবে না এবং আমিষের মোট পরিমাণ প্রতিদিন ১২৫ গ্রামের বেশি হইবে না।

(৫) আমিষের গুণমানে প্রোটিন ডাইজেস্টিবিলিটি কারেক্টেড অ্যামিনো অ্যাসিড স্কোর (protein digestibility corrected amino acid score) ১.০ থাকিতে হইবে যা রেফারেন্স আমিষ (Reference protein) হিসাবে পরিচিত হইবে। কোনো খাদ্যের প্রোটিন ডাইজেস্টিবিলিটি কারেক্টেড অ্যামিনো অ্যাসিড স্কোর ১.০-এর কম হইলে, এর গুণমান বাড়াইতে হইবে।

(৬) যে আমিষের প্রোটিন ডাইজেস্টিবিলিটি কারেক্টেড অ্যামিনো অ্যাসিড স্কোর ০.৮ বা তার বেশি, তা ওজন নিয়ন্ত্রণের নিমিত্ত প্রস্তুত ফর্মুলা খাদ্যে ব্যবহার করিতে হইবে;

(৭) আমিষের গুণমান উন্নত করিবার জন্য, শুধু অপরিহার্য এল-অ্যামিনো অ্যাসিড (L-Amino Acid) যোগ করা যাইবে। তবে মেথিওনিন এর ক্ষেত্রে ডিএল ফরম ব্যবহার করা যাইবে;

(৮) চর্বি থেকে প্রাপ্ত শক্তির পরিমাণ ত্রিশ শতাংশের বেশি হইবে না এবং গ্লিসারাইড আকারে লিনোলিক অ্যাসিড থেকে প্রাপ্ত শক্তির পরিমাণ তিন শতাংশের কম হইবে না;

(৯) ওজন ব্যবস্থাপনা এবং নিয়ন্ত্রণের জন্য প্রস্তুত ফর্মুলা খাদ্যে পর্যাপ্ত পরিমাণ খাদ্য আঁশ থাকিতে হইবে;

(১০) প্রযোজ্যক্ষেত্রে খাদ্যের মোড়কে ‘ওজন নিয়ন্ত্রণের জন্য প্রতিস্থাপিত খাদ্য’ (যখন এক বা দুই বেলার খাবার প্রতিস্থাপিত হয়)/ ‘ওজন নিয়ন্ত্রণের জন্য মোট প্রতিস্থাপিত খাদ্য’ / ‘অতি-স্বল্প মাত্রার খাদ্যশক্তি সমৃদ্ধ ফর্মুলা খাদ্য’ নাম ব্যবহার করা যাইবে;

(১১) লেবেলিংয়ের পুষ্টি তথ্যে শক্তির পরিমাণ কিলোক্যালরি(kcal) বা কিলো জুল (kJ) এ প্রকাশ করিতে হইবে, প্রস্তাবিত খাবারের প্রতি নির্দিষ্ট পরিমাণে বা ডোজে প্রোটিন, কার্বোহাইড্রেট এবং ফ্যাটের পরিমাণ গ্রামে উল্লেখ থাকিতে হইবে;

### (৩) চিকিৎসাজনিত কারণে বিশেষ পথ্য হিসেবে ব্যবহৃত খাদ্য

(১) চিকিৎসাজনিত কারণে বিশেষ পথ্য হিসেবে ব্যবহৃত খাদ্য বলিতে নিম্নলিখিত তিনটি শ্রেণিতে বিভক্ত খাদ্যকে বুঝাইবে, যথা-

(ক) উৎপাদকের নির্দেশাবলি অনুসারে প্রস্তুতকৃত ‘আদর্শ পুষ্টি ফরমুলেশন সম্বলিত পুষ্টি-পরিপূর্ণ খাদ্য’, যাহা গ্রহণকারীর পুষ্টির একমাত্র উৎস হিসেবে বিবেচিত হইতে পারে;

(খ) উৎপাদকের নির্দেশাবলি অনুসারে প্রস্তুতকৃত ‘কোন রোগ, ব্যাধি বা চিকিৎসার জন্য নির্দিষ্ট পুষ্টি ফরমুলেশন সম্বলিত পুষ্টি-পরিপূর্ণ খাদ্য’, যাহা গ্রহণকারীর পুষ্টির একমাত্র উৎস হিসেবে বিবেচিত হইতে পারে; এবং

(গ) ‘কোন রোগ, ব্যাধি বা চিকিৎসার জন্য আদর্শ/ নির্দিষ্ট পুষ্টি ফরমুলেশন সম্বলিত পুষ্টি-পরিপূর্ণ নয় এরূপ খাদ্য’, যা পুষ্টির একমাত্র উৎস হিসেবে বিবেচিত হইবে না;

**দ্রষ্টব্য-** উপরে উপ-ধারা (খ) এবং (গ) এ উল্লেখিত খাবার গ্রহণকারীর খাদ্যের আংশিক প্রতিস্থাপক বা পরিপূরক হিসাবে ব্যবহার করা যাইতে পারে।

(২) রোগ, ব্যাধি বা চিকিৎসার প্রয়োজনে এক বা একাধিক পুষ্টিগণার কোন প্রকার পরিবর্তনের প্রতিবন্ধকতা ছাড়াই, পুষ্টির চাহিদা পূরণের উদ্দেশ্যে, চিকিৎসাজনিত কারণে বিশেষ পথ্য হিসেবে ব্যবহৃত খাদ্যের ফর্মুলায় কোডেক্স বা অন্য কোনও স্বীকৃত আন্তর্জাতিক মানদণ্ড/নির্দেশিকায় উল্লেখিত নির্দিষ্ট মানের ভিত্তিতে পুষ্টি উপাদান সংযোজন করা যাইবে, তবে চিকিৎসার সময় এর ব্যবহারের যৌক্তিকতা উপযুক্ত বৈজ্ঞানিক এবং ক্লিনিক্যাল বা এপিডেমিওলজিক্যাল সংক্রান্ত তথ্য-উপাত্ত দ্বারা প্রমাণিত হইতে হইবে এবং এই ধরনের তথ্য কর্তৃপক্ষের কাছে প্রয়োজন সাপেক্ষে পেশ করিতে হইবে।

(৩) শারীরিক অবস্থার উপর নির্ভর করে চিকিৎসাজনিত কারণে বিশেষ পথ্য হিসেবে ব্যবহৃত খাদ্য দানাদার, পাউডার, অর্ধ-তরল, তরল এবং অন্যান্য রূপে হইতে পারে যাহা স্বীকৃত পথ্য বিশেষজ্ঞ এর পরামর্শ অনুযায়ী গ্রহণ করিতে হইবে। এন্টেরাল টিউবের (Enteral tubes) মাধ্যমে মুখে খাওয়ানোর জন্য উক্ত খাদ্য তৈরি করা যাইবে কিন্তু প্যারেন্টেরাল ব্যবহারের (parenteral use) জন্য তৈরি করা যাইবে না।

(৪) লেবেলিং সংক্রান্ত সাধারণ শর্তাবলির পাশাপাশি, চিকিৎসাজনিত কারণে বিশেষ পথ্য হিসাবে ব্যবহৃত খাদ্যের মোড়কে নিম্নলিখিত তথ্য উল্লেখ করিতে হইবে –

(ক) “চিকিৎসাজনিত কারণে বিশেষ পথ্য হিসাবে ব্যবহৃত খাদ্য” শব্দগুচ্ছ পণ্যের নাম বা ব্র্যান্ড নামের সন্নিবিষ্ট মুদ্রিত থাকিতে হইবে;

(খ) লেবেলের অন্যান্য লিখিত, মুদ্রিত বা গ্রাফিক তথ্য থেকে পৃথক স্থানে মোটা অক্ষরে পরামর্শমূলক সতর্কতা ‘কেবল পথ্য বিশেষজ্ঞের পরামর্শে ব্যবহারের জন্য’ প্রদর্শিত হইবে ;

- (গ) "\_\_\_\_\_ এর খাদ্য ব্যবস্থাপনার জন্য" বিবৃতি (যে নির্দিষ্ট রোগ, ব্যাধি বা চিকিৎসার জন্য খাদ্যটি কার্যকর বলিয়া দেখানো হইয়াছে তাহা দিয়া শূন্যস্থান পূরণ করিতে হইবে);
- (ঘ) যদি খাদ্যটি একটি পুষ্টি-পরিপূর্ণ খাদ্য হিসাবে ব্যবহার করিবার উদ্দেশ্যে প্রস্তুত করা হয় তবে 'পুষ্টিগতভাবে পরিপূর্ণ' বিবৃতি প্রদান করিতে হইবে;
- (ঙ) নির্দিষ্ট ভোক্তা শ্রেণির জন্য প্রস্তুতকৃত পণ্যের বৈশিষ্ট্য ও ব্যবহারের যৌক্তিকতা সংক্রান্ত একটি বিজ্ঞানভিত্তিক বিবৃতি প্রদান করিতে হইবে;
- (চ) স্বাভাবিক পুষ্টি চাহিদার সাথে সম্পর্কিত কোনো পুষ্টি উপাদান হ্রাস, বৃদ্ধি, বাদ বা পরিবর্তন করা হইয়াছে এইরূপ বিবৃতি প্রদান করিতে হইবে;
- (ছ) প্রযোজ্য ক্ষেত্রে, বিদ্যমান পুষ্টির পরিমাণকে দৈনিক সুপারিশকৃত পুষ্টি উপাদানের পরিমাণের শতকরা হিসাবে প্রকাশিত বিবৃতি প্রদান করিতে হইবে;
- (জ) প্রযোজ্য ক্ষেত্রে, অসমোলালিটি বা অসমোলারিটি, বা অম্ল-ক্ষারক ভারসাম্য সম্পর্কিত তথ্য প্রদান করিতে হইবে;
- (ঝ) ধারক পাত্র উন্মুক্ত করিবার পর পণ্যের যথাযথ প্রস্তুতপ্রণালী, গ্রহণ পদ্ধতি, ব্যবহার এবং সংরক্ষণের নির্দেশনা থাকিতে হইবে;
- (ঞ) "পণ্যটি প্যারেন্টেরাল (parenteral) ব্যবহারের জন্য নয়" এইরূপ সতর্কতামূলক বিবৃতি থাকিতে হইবে;
- (৫) উপরিউক্ত শর্তাবলি ছাড়াও, ওজন কমানোর জন্য প্রস্তুতকৃত ফর্মুলা খাদ্য যাহা দৈনিক খাদ্য চাহিদার সকল বেলার খাবারকে প্রতিস্থাপন করিবে, সেইরূপ ক্ষেত্রে নিম্নলিখিত শর্তাবলি প্রযোজ্য হইবে-

- (ক) অতি-স্বল্প মাত্রার খাদ্যশক্তি/ ক্যালোরি সমৃদ্ধ ফর্মুলা খাদ্য যাহা খাদ্যশক্তির একমাত্র উৎস হিসাবে ব্যবহৃত হইবে তাহা দৈনিক ৪৫০-৮০০ কিলোক্যালরি শক্তি সরবরাহ করিবে;
- (খ) সুপারিশকৃত পুষ্টি গ্রহণ মাত্রায় উপস্থিত প্রোটিন ডাইজেস্টিবিলিটি অ্যামিনো অ্যাসিড স্কোর ১.০ সমৃদ্ধ অমিষের মোট পরিমাণ ৫০ গ্রাম এর কম হইবে না;
- (গ) অমিষের গুণমান উন্নত করিবার জন্য, শুধু অপরিহার্য এল-অ্যামিনো অ্যাসিড (L-Amino Acid) যোগ করা যাইবে। তবে মেথিওনিন এর ক্ষেত্রে ডিএল ফরম ব্যবহার করা যাইবে;
- (ঘ) সুপারিশকৃত দৈনিক খাদ্য শক্তির চাহিদায় ৩ গ্রাম লিনোলেইক অ্যাসিড এবং ০.৫ গ্রাম  $\alpha$ -লিনোলেইক অ্যাসিড থাকিবে, যেখানে  $\alpha$ -লিনোলেইক অ্যাসিড এবং লিনোলেইক অ্যাসিডের অনুপাত ৫ থেকে ১৫ এর মধ্যে থাকিবে;
- (ঙ) সুপারিশকৃত দৈনিক খাদ্যশক্তির চাহিদায় শর্করার পরিমাণ ৫০ গ্রামের কম হইবে না;
- (চ) খাদ্যপণ্যে পর্যাপ্ত পরিমাণে আঁশ (dietary fiber) থাকিতে হইবে;

#### (৪) প্রিবায়েটিক এবং প্রোবায়েটিক খাদ্য

- (১) তফসিল-৪ এ উল্লিখিত বিভিন্ন শ্রেণির খাদ্যের জন্য অনুমোদিত উপাদান প্রিবায়েটিক এবং প্রোবায়েটিক খাদ্যে থাকিতে পারিবে।
- (২) প্রিবায়েটিক খাদ্যের জন্য পুষ্টি উপাদান/ অন্যান্য উপাদানের ব্যবহারের মাত্রা প্রাপ্তবয়স্কদের জন্য দৈনিক ৪০ গ্রাম এর বেশি হইবে না।
- (৩) প্রোবায়েটিক খাদ্যের সুপারিশকৃত দৈনিক পরিবেশনে প্রোবায়েটিক অনুজীবের ন্যূনতম জীবিত সংখ্যা  $10^7$  সিএফইউ (CFU) হইবে। তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষের পূর্বানুমোদন সাপেক্ষে, বৈজ্ঞানিক তথ্য-উপাত্তের ভিত্তিতে মানবস্বাস্থ্যের জন্য উপকারী এইরূপ প্রমাণিত হইলে ন্যূনতম জীবিত প্রোবায়েটিক অনুজীবের সংখ্যা কমানো যাইবে।
- (৪) সকল শ্রেণির জন্য নির্ধারিত সাধারণ শর্তাবলি ছাড়াও, লেবেলে নিম্নলিখিত তথ্য প্রদান করিতে হইবে-

- (ক) প্রোবায়েটিকের ক্ষেত্রে, স্ট্রেনের নাম বা কালচার কালেকশন নম্বরসহ (culture collection number) গণ (Genus) এবং প্রজাতি (species) উল্লেখ করিতে হইবে। এই ক্ষেত্রে, আন্তর্জাতিকভাবে স্বীকৃত সংক্ষিপ্ত নাম ব্যবহার করা যাইবে;
- (খ) মেয়াদোত্তীর্ণের তারিখে ন্যূনতম জীবিত প্রোবায়েটিক অনুজীবের সংখ্যা ও এর কার্যকারিতার মাত্রা (Level of Efficacy) উল্লেখ করিতে হইবে;
- (গ) সুপারিশকৃত পরিবেশনে, স্বাস্থ্য দাবি সম্পর্কিত প্রোবায়েটিকের কার্যকর ডোজ উল্লেখ করিতে হইবে;
- (ঘ) ধারক পাত্র উন্মুক্ত করিবার পর 'সর্বোত্তম ব্যবহারের' জন্য সঠিক সংরক্ষণ তাপমাত্রা এবং সময়সীমা উল্লেখ করিতে হইবে;

(৫) দন্ড।- যদি সংশ্লিষ্ট খাদ্যব্যবসায়ী প্রবিধানে বর্ণিত শর্তাবলি অমান্য করেন, তবে আইনের তফসিলে বর্ণিত ধারা ৩১ এর জন্য নির্ধারিত দণ্ডে দণ্ডিত হবেন।

(৬) তফসিল সংশোধনের ক্ষমতা।- কর্তৃপক্ষ সময়ে সময়ে, তফসিলের প্রয়োজনীয় সংশোধন, পরিবর্তন ও সংযোজনের এখতিয়ার সংরক্ষণ করিবে এবং গেজেটের বিজ্ঞপ্তির মাধ্যমে তাহা সরবসাধারণের অবগতির জন্য প্রকাশ করিতে পারিবে।

(৭) আইনের ইংরেজি অনুবাদ প্রকাশ-

(১) এই প্রবিধানমালা প্রবর্তনের পর, কর্তৃপক্ষ প্রয়োজনবোধে সরকারের অনুমোদন সাপেক্ষে, সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের বাংলা পাঠের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English text) প্রকাশ করিতে পারিবে;

(২) তবে শর্ত থাকে যে, বাংলা পাঠ ও ইংরেজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

Government of the People's Republic of Bangladesh  
**Bangladesh Food Safety Authority**  
**Ministry of Food**  
**DRAFT NOTIFICATION**  
Dated .....

**S.R.O. No. ....**-In exercise of the powers conferred by section 13 of the Food Safety Act 2013 (Act No. 43 Of 2013), to be read with section 13, 31 and 87 the Bangladesh Food Safety Authority, with the prior approval of the Government hereby enacted the following Regulation, as follows: -

**1. Title and commencement**

- (a) These regulations shall be called as The Food Safety (Health Food/ Dietary Supplements, Food for Special Dietary Use, Food for Special Medical Purpose, Prebiotic and Probiotic Food), Regulations, 2024;
- (b) These regulations shall come into force after 6 months from the date of their publication in the Official Gazette

**2. Definition**

- (a) **“Approval”** means a permission to manufacture, import or export any article of food, food ingredients and food additives intended directly or indirectly for human consumption, that has not been specified under any other rules or regulations made under the act or any regulations there under.
- (b) **“Non-specified food/ ingredients”** means any food or food ingredients including additives, processing aids and enzymes for which standards have not been specified under the act and any other regulation thereunder.
- (c) **“Osmolality”** means the concentration of a solution expressed as the total number of solute particles per kilogram.
- (d) **“Osmolarity”** means the concentration of a solution expressed as the total number of solute particles per litre.
- (e) **“Act”** means the Food Safety Act, 2013 (act no 43)
- (f) **“Enteral Nutrition or Tube feeding”** means a way of sending nutrition right to the stomach or small intestine.
- (g) **“Authority”** means Bangladesh Food Safety Authority established under section 5 of Food Safety Act, 2013.
- (h) **“Food for Special Medical Purposes”** means food intended for -
  - (i) particular dietary use which is specially processed or formulated;
  - (ii) the dietary management of a person and used only under advice of physician, dietitian or nutritionist;
  - (iii) the exclusive or partial feeding of a person with a limited, impaired or disturbed capacity to take, digest, absorb, metabolize or excrete ordinary foodstuffs or certain nutrients contained therein or metabolites; or
  - (iv) other medically determined nutrient requirements, whose dietary management cannot be achieved only by modification of the normal diet, by food for specific nutritional use or a combination of them;
- (i) **“Schedule”** means schedules to these regulations to be allowed across categories.
- (j) **“Prebiotic Food”** means food that contains added prebiotic ingredients which are nonviable food components that confer health benefits to the consumer by modulation of gut microbiota.



- (k) **“Premixes”** means a combination of two or more ingredients/nutrients specified in Schedule (I) in a specific proportion with or without additives, packed and meant for use in formulating a product falling under any category of these regulations. In absence of any specific guideline for premixes, globally established limits e.g., WHO, CODEX, EU etc. shall be referred.
- (l) **“Probiotic Food”** means food with live micro-organisms beneficial to human health, which when ingested in adequate numbers as a single strain or as a combination of cultures, confer one or more specified or demonstrated health benefits in human beings.
- (m) **“Parenteral Nutrition”** means having nutrients and fluid directly into the bloodstream.
- (n) **“Health Supplement / Dietary Supplement”** is described as a dietary substance(s) for use by human beings to supplement the diet by increasing the total dietary intake or maintain good health and well-being, which are not intended to treat or cure any disease or disorder and may contain one or more of any of the following ingredients:
  - (i) plant or botanicals or their parts in the form of powder, concentrate, metabolic constituents or extracts in water, ethyl alcohol or hydro-alcoholic or any allowed solvents for food extracts, single or in combination;
  - (ii) minerals, vitamins, proteins, metals or their compounds, amino acids, fatty acids, enzymes, probiotics, bioactive compounds;
  - (iii) substances from animal origin and including ingredients as above in (i) & (ii);

3. **General Requirements for all categories-** Categories covered under these regulations shall comply with the following general requirements, unless otherwise provided for in subsequent sections.

- (1) Foods falling under these regulations are specially processed or formulated for specific nutritional or dietary purpose and shall be clearly distinguishable from foods intended for normal consumption by their special composition. Mere food forms such as vegetables, cereals, legumes, spices, fruits, other plants and botanicals specified in these regulations if offered in normal or naturally occurring forms shall not constitute a Health food / Food supplement /Dietary supplement or Food for special dietary use or Food for special medical purpose.
- (2) The products covered under these regulations may be in the form of powders, granules, tablets, capsules, liquids, jelly etc and any other formats unless otherwise restricted. In case the delivery format is in conventional form (like bar, biscuit, candy, etc.), information on the label shall not represent the product as conventional and clear differentiation in this regard is to be made on the label.
- (3) These foods are not intended for population under the age of 5 years, unless otherwise specified and shall fulfil the characteristics as laid down in these Regulations. The products covered under these regulations intended for children of 2 to 5 years of age, shall only be given under advice by a recognized physician or dietician or nutritionist.

- (4) The products may contain approved ingredients as applicable to different categories of foods as specified through **Schedule I, Schedule II, Schedule III, and Schedule IV** by the Authority from time to time and for the said purpose Food Business Operator may use additives as applicable to categories specified in **Schedule V** and latest version of Food Safety (Food Additives) Regulations. For using new / novel ingredients Food Business Operator shall follow the approval process as specified by the authority.
- (5) The purity criteria for the ingredients used in the categories of articles of food covered under these regulations shall be as determined and notified in the official gazette by the Authority from time to time. In case such standards are not specified, the purity criteria generally accepted by recognised international standard body shall be applicable.
- (6) Food business operator may use the natural, nature identical or synthetic additives in accordance with the latest version of Food Safety (Food Additives) Regulations and as specified through **Schedule V**.
- (7) Ingredients including plant or botanicals or their extracts which is not provided in these regulations but have documented incident free history of safe use (at least thirty years in the country of origin or fifteen years in Bangladesh) may be allowed, with prior approval by the authority.
- (8) The articles of food in these regulations shall comply with the requirements as specified by the Authority from time to time. In the absence of such a notification, FBOs shall comply with requirements specified in the Codex Alimentarius Commission or Compendium of any established international organization as applicable.
- (9) The quantity of nutrients added to the articles of food shall not exceed the recommended daily allowance (RDA) as specified by Government and in case such standards are not specified, the standards laid down by international food standards body, namely, Codex Alimentarius Commission, shall apply.
- (10) The articles of food with standard nutrient or nutritionally complete formulation shall consist of a composition delivering the desired level of energy, protein, vitamins and minerals, and other essential nutrients required for respective age group, gender and physiological stage in accordance with guidelines made by Government. In the absence of such guideline, internationally recognised guidelines shall be applicable.
- (11) Addition of appropriate overages to ensure adequate availability of vitamins and minerals in the products shall be permitted based on scientific rationale. The tolerance limit for variation in case of articles of food covered in these regulations during analysis of samples of finished products, shall not be more than (10) ten per cent from the declared value of the nutrients or nutritional ingredients on the label.
- (12) The formulation of articles of food shall be based on the principles of nutrition and supported by validated scientific data, wherever required.

- (13) The products falling under these regulations shall not contain hormones or steroids or a narcotic drug or a psychotropic substance as defined in the Narcotic Control Act 2018 and any rules/ regulations made thereunder.
- (14) (i) The labelling of the products falling under these regulations shall be in accordance with the latest version of Food Safety (Labelling of packaged food) Regulations.
- (ii) In addition to the above, the labels shall also comply with any requirements under these regulations mentioned specifically against the applicable category. Label shall carry the following information on the label:
- (a) The words **“HEALTH SUPPLEMENT/ FOOD SUPPLEMENT/ DIETARY SUPPLEMENT/FOOD FOR SPECIAL DIETARY USE/ FOOD FOR SPECIAL MEDICAL PURPOSE /PREBIOTIC FOOD/ PROBIOTIC FOOD”** as applicable to the concerned category, in capital and bold letters on Front of Pack (FoP);
  - (b) A prominent statement indicating the target consumer group and/or age group, if the product has been formulated for a specific age group;
  - (c) The statement **“NOT FOR MEDICAL USE”** in capital and bold letters prominently written on label, unless exempted for specific categories under these regulations;
  - (d) Recommended usage level;
  - (e) Duration of usage, where applicable;
  - (f) Not to exceed the recommended daily usage prominently written, where applicable.
  - (g) An advisory warning in cases where a danger may exist with excess consumption, as applicable
  - (h) Warning on any other precautions to be taken while consuming, known side effects if any, contraindications and published product or drug interactions, as applicable;
  - (i) Statement or warning stating, ‘product is not to be used as a substitute for a varied diet’ except for Food For Special Dietary Use and Food For Special Medical Purpose;
  - (j) A warning statement product is required to be stored out of reach of children;
  - (k) A declaration on the amount of the nutrients or substances with a physiological effect present in the product;
  - (l) The label, accompanying leaflet or other labelling and advertisement of each type of article of food, referred to in these regulations shall provide sufficient information on the nature and purpose of the article of food and detailed instructions and precautions for its use, and the format of information given shall be appropriate for the intended use of the consumer, where applicable;
  - (m) In addition to the above, the labels shall also comply with any other requirements mentioned specifically against the applicable category under these regulations.
- (15) No person shall manufacture, pack, sell, offer for sale, market, process, stock or otherwise supply, distribute, export or import any food products referred to in these regulations unless they comply with the requirements laid down in these regulations.
- (16) Any person intended to import, export, manufacture, formulate, pack or repack, sell or offer for sale and hold in stock for sale of any brand of health foods (Health Food/Food Supplements, Food for Special Dietary Use/Structured Food/Modified Food and Food for Special Medical Purpose, Prebiotic food, Probiotic Food) shall

apply to the authority for the registration as prescribed in schedule VI, Form A by the authority.

**(17) (i)** Food Business Operator (FBO) may make nutritional or health claims or Disease Risk Reduction (DRR) claims as per relevant Food Safety (Advertising & Claims) Regulations.

**(ii)** In addition to this, globally approved DRR claims and other additional nutrients/health claims may also be permitted. For making additional disease risk reduction (DRR) claims, prior approval from the authority shall be obtained.

**(iii)** The products falling under these regulations by means of labelling, presentation and advertisement shall not claim to treat, cure, mitigate or prevent any specific disease, disorder or condition or refer to such properties, unless specifically permitted by Authority.

**(iv)** Food Business Operator (FBO) can make claims related to structure, function or general well-being of the body supported by the generally accepted scientific data (including authorised traditional text). FBO shall submit the relevant scientific data as and when required by the Authority.

#### **4. Category specific requirements**

In addition to general requirements categories covered under these regulations shall comply with the following requirements, unless otherwise provided for in subsequent sections.

##### **(1) Health Supplement /Dietary supplements-**

- (a)** In addition to the ingredients mentioned in general requirements such food products may use synthetic entities which are chemically synthesized forms of the natural extracts.
- (b)** Products shall conform to 1RDA as specified under the latest Dietary Guidelines for Bangladesh. The quantity of nutrients added to the articles of food shall not be less than 15% of RDA.
- (c)** Nutritional information shall be given on 100g or 100ml basis or per serving or per dosage basis, as applicable.
- (d)** Information on macro nutrients (carbohydrate, sugar, fat etc.), sodium & cholesterol, shall be given if the product is free or contains insignificant amount of energy from these nutrients.

##### **(2) Food for Special Dietary Uses (FSDU)**

- (a)** Specially processed or formulated or structured or modified food to satisfy particular dietary requirements which may exist or arise because of certain physiological or specific health conditions like, low weight, obesity, diabetes, high blood pressure, pregnant and lactating women, geriatric population, celiac disease, weight management, foods for sports persons and such other health conditions.

Note- Celiac disease is a chronic digestive and immune disorder that damages the small intestine and triggered by eating foods containing gluten.

- (b) A food business operator may formulate an article of food for special dietary use in formats meant for oral feeding through enteral tubes but shall not be used for parenteral use.
- (c) In addition to the labelling requirements specified under general requirements, every package of FSDU shall carry the following information on the label or instructions—
  - (1) The words “FOOD FOR SPECIAL DIETARY USE” followed by “Food for.....” (mentioning the particular physiological or health condition);
  - (2) A statement to indicate on the label whether the food for special dietary use is to be taken under medical advice of physician or certified dietician or nutritional professional;
  - (3) A statement that the product is not to be used by pregnant, nursing and lactating women or children under 5 years, adolescents and elderly, except when medically advised by physician or dietician or nutrition professional;
  - (4) A statement on rationale for use of the product and a description of the properties or characteristics that make it useful;
  - (5) The characterizing essential feature shall be stated in appropriate descriptive terms in close proximity to the name of the food.
  - (6) A warning that the product is ‘not for parenteral use’ or ‘for oral use only’;
  - (7) Information on osmolality or osmolarity or on acid-base balance where appropriate;
  - (8) A statement “For weight control and management” in close proximity to the name of the articles of food specially prepared for weight management and control;

(Note: replacement of terms like ‘Parenteral’ needs to be clarified as a cautionary statement that the product is for oral consumption only’.
- (d) An article of food for special dietary use shall not include the normal food which is merely enriched or modified with nutrients and meant for mass consumption, intended for improvement of general health for day to day use and do not claim to be targeted to consumers with specific disease conditions and also not include the article of food intended to replace complete diet covered under in the regulations.
- (e) Provided in case of any article of food specified for sports persons, prohibited substances declared by the World Anti-Doping Agency (WADA) shall not be added.
- (f) In addition to other FSDU requirements above every package of Food for Sports person shall carry the following information on the label—
  - (1) A statement ‘The food is not a sole source of nutrition and shall be consumed in-conjunction with a nutritious diet’
  - (2) A statement ‘The food shall be used in conjunction with an appropriate physical training or exercise regime’.
- (g) In addition to other FSDU requirements above, foods intended for use in energy-restricted diets for weight reduction or control or management shall comply with the following-
 

Explanation- The standards cover Foods for slimming purposes associated with weight reduction, weight control and management, are specially formulated foods which, when used as instructed by the manufacturer, replace one or more meals of the total daily diet.

  - (1) Formula foods for weight management shall be prepared from protein constituents of plants and/or animal sources which have been proved/

suitable for human consumption, and from other ingredients necessary to achieve the essential composition of the product as set out in these Regulations.

- (2) A formula food presented as a replacement for all meals of the daily diet shall provide not less than 800 kcal (3350 kJ) and not more than 1200 kcal (5020 kJ). The individual portions or servings contained in these products shall provide approximately one third or one fourth of the total energy of the product depending on whether the recommended number of portions or servings per day is 3 or 4 respectively (Total Meal Replacement).
- (3) A formula food presented as a replacement for one or more meals of the daily diet (Partial Meal Replacement) shall provide not less than 200 kcal (835 kJ) and not more than 400 kcal (1670 kJ) per meal when prepared / reconstituted / Ready to serve as per the instruction of the manufacturer for consumption.
- (4) For ready-to-serve food, not less than twenty-five per cent and not more than fifty per cent of the energy available from the food, shall be derived from its protein content and the total amount of protein shall not exceed 125 g per day.
- (5) The quality of protein shall have the protein digestibility corrected amino acid score of 1.0 known as the reference protein. The protein digestibility corrected amino acid score where less than 1.0, the minimum level shall be increased to compensate for the lower protein quality.
- (6) The protein with a protein digestibility corrected amino acid score of 0.8 or more shall be used in a formula food for use in a weight control diet.
- (7) Only essential L-amino acids may be added to improve protein quality. In case of methionine, DL-form may be allowed.
- (8) Not more than thirty per cent of the energy available from fat and not less than three per cent of the energy from linoleic acid in the form of a glyceride.
- (9) The formula food for weight management and control shall have adequate dietary fiber.
- (10) The name of the food shall be "Meal Replacement for Weight Control", when one or two meals are replaced/ 'Total diet replacement for weight control' / "Formula Food for Use in Very Low Energy Diets" as applicable.
- (11) Nutrition facts in the label shall include the amount of energy expressed in kilocalories (kcal) or kilo joules (kJ), the number of grams of protein, carbohydrate and fat per specified quantity of the food as suggested for consumption or in dosage.

Note: 'Meal' means when a formula food is prepared in accordance with the instruction provided by the manufacturer.

### **(3) FOOD FOR SPECIAL MEDICAL PURPOSE (FSMP)**

- (1) For the purposes of these regulations, the food for special medical purpose may be classified in to following three categories, namely
  - (a) 'Nutritionally complete food with a standard nutrient formulation', which when used in accordance with the manufacturer's instructions, may constitute the sole source of nourishment for the persons for whom they are intended;
  - (b) 'Nutritionally complete food with a nutrient-adopted formulation specific for a disease, disorder or medical condition', which when used in accordance with

the manufacturer's instructions, may constitute the sole source of nourishment for the persons for whom they are intended; and

- (c) 'Nutritionally incomplete food with a standard formulation or a nutrient-adopted formulation specific for a disease, disorder or medical condition', which is not suitable to be used as the sole source of nourishment.

**Note-** The food specified in sub-clauses (b) and (c) above may be used as a partial replacement or as a supplement to the person's diet.

(2) FSMP products can be formulated with addition of nutrients basis the intended use at the levels as specified in Codex or any other established international standards/ Guidelines to support nutritional needs during disease, disorder or medical conditions, without prejudice to modifications for one or more of these nutrients values rendered necessary by the intended use of the product. Suitability for medical condition should be supported by appropriate scientific, and clinical or epidemiological data, and such information shall be made available to the Authority as and when called for.

(3) Depending on the medical condition FSMP can be in granules, powder, semi-solids, liquids and other food formats to be taken as per medical advice. A food business operator may formulate food for special medical purpose in format meant for oral feeding through enteral tubes but shall not be used for parenteral use.

(4) In addition to the labelling requirements specified under general requirements, every package of Food for Special Medical Purpose (FSMP) shall carry the following information on the label —

- (a) The words 'FOOD FOR SPECIAL MEDICAL PURPOSE' printed in the immediate proximity of the name or brand name of the product;

- (b) An advisory warning "RECOMMENDED TO BE USED UNDER MEDICAL ADVICE ONLY" appearing on the label in bold letters in an area separated from other written, printed or graphic information;

- (c) The statement "For the dietary management of \_\_\_\_\_" (with the blank to be filled in with the specific disease, disorder or medical condition for which the product is intended, and for which it has been shown to be effective);

- (d) A statement 'NUTRITIONALLY COMPLETE' if the food is intended to be used as a nutritionally complete food;

- (e) A statement on the rationale for use of the product by the target consumer group and a description of the properties or characteristics that make it useful;

- (f) A statement specifying the nutrient which have been reduced, deleted, increased or otherwise modified, relating to normal requirements;

- (g) The quantity of nutrients expressed in terms of percentages of the recommended daily allowances, where it is appropriate;

- (h) Information on osmolality or osmolarity, or acid-base balance, wherever applicable;

- (i) Instructions for appropriate preparation, feeding, use and storage of the product after the opening of the container;

- (j) A warning that the product is not for parenteral use;

(5) In addition to other FSMP requirements above, formula foods for weight reduction intended as a replacement for the whole of the daily diet shall ensure the following-

- (a) A formula food for very low energy diets shall provide when prepared according to instructions a daily energy intake of 450-800 kcal as the only source of energy.

- (b) Total amount of protein shall not less than 50 g with a protein digestibility corrected amino acid score of 1.0 is present in the recommended daily intake of energy.

- (c) Only essential L-amino acids may be added to improve protein quality. In case of methionine, DL-form may be allowed.
- (d) 3 g of linoleic acid; and 0.5 g  $\alpha$ -linolenic acid in the recommended daily intake with the  $\alpha$ -linoleic acid and linolenic acid ratio between 5 and 15.
- (e) The amount of carbohydrate shall not less than 50 g in the recommended daily intake of energy.
- (f) Product shall have adequate dietary fiber.

#### **(4) Prebiotic and Probiotic Foods**

- (1) The products may contain approved ingredients as applicable to different categories of foods as specified in Schedule IV.
- (2) For prebiotic food nutrients/ingredients usage level shall not be more than 40g/day for adults.
